**এসএমই এন্ড স্পেশাল প্রোগ্রামস্ বিভাগ**
**বাংলাদেশ ব্যাংক**
**প্রধান কার্যালয়**
**ঢাকা।**

www.bb.org.bd
www.bangladeshbank.org.bd

এসএমইএসপিডি সার্কুলার লেটার নং-০১

তারিখ: ১৬ শ্রাবণ ১৪১৯
৩১ জুলাই ২০১২

ব্যবস্থাপনা পরিচালক/প্রধান নির্বাহী
বাংলাদেশে কার্যরত সকল তফসিলী ব্যাংক/নন্-ব্যাংক আর্থিক প্রতিষ্ঠান
প্রধান কার্যালয়
ঢাকা।

প্রিয় মহোদয়,

**"কৃষিজাতপণ্য প্রক্রিয়াজাতকরণের জন্য মফস্বলভিত্তিক**
**শিল্পস্থাপনে পুনঃঅর্থায়ন স্কীম" সংক্রান্ত সার্কুলার এর সংশোধনী প্রসঙ্গে।**

উপরোক্ত বিষয়ে ০২-০৯-২০১০ তারিখে জারীকৃত এসএমইএসপিডি সার্কুলার লেটার নং-০৪ এর প্রতি দৃষ্টি আকর্ষণ করা যাচ্ছে।

উক্ত সার্কুলার লেটার এর ০৫ নং অনুচ্ছেদে 'গ' উপ-অনুচ্ছেদ হিসেবে **"পোল্ট্রি ও ডেইরী শিল্প"** খাতকে সংযোজন করা হলো। এ সংযোজনের মাধ্যমে ০২-০৯-২০১০ তারিখে জারীকৃত এসএমইএসপিডি সার্কুলার লেটার নং-০৪ এর সংযোজনী 'ক' এর ৩৭নং ক্রমিকে "পোল্ট্রি ও ডেইরী শিল্প" অর্ন্তভূক্ত হলো।

সংশ্লিষ্ট সার্কুলার ও সার্কুলার লেটার সমূহের অন্যান্য শর্তাবলী অপরিবর্তিত থাকবে।

অনুগ্রহপূর্বক প্রাপ্তি স্বীকার করবেন।

আপনাদের বিশ্বস্ত,

(সুকোমল সিংহ চৌধুরী)
মহাব্যবস্থাপক
ফোন: ৯৫১১৩২০

চলমান পাতা-২

সংযোজনী-‘ক’

## কৃষিভিত্তিক শিল্পের তালিকা (সংশোধিত)

০১। প্রক্রিয়াকরণকৃত ফলজাত খাদ্য (জ্যাম, জেলি, জুস, আচার, শরবত, সিরাপ, সস ইত্যাদি) উৎপাদনকরী শিল্প;
০২। ফল (টমেটো, আম, পেয়ারা, ইক্ষু, কাঁঠাল, লিচু, আনারস, নারিকেল ইত্যাদি) শাক-সবজী, ডাল প্রক্রিয়াকরণ;
০৩। ব্রেড এন্ড বিস্কুট, সেমাই, লাচ্ছা, চানাচুর, নুডুলস্ ইত্যাদি প্রস্তুতকরণ;
০৪। আটা, ময়দা, সুজি প্রস্তুতকরণ;
০৫। মাশরুম ও স্পিরুলিনা প্রক্রিয়াকরণ;
০৬। স্টার্চ, গ্লুকোজ, ডেক্সট্রোজ, এবং অন্যান্য স্টার্চ পণ্য উৎপাদনকারী শিল্প;
০৭। দুগ্ধ প্রক্রিয়াকরণ (দুধ পাস্তুরিতকরণ, গুড়ো দুধ, আইসক্রিম, কনডেন্সড মিল্ক, মিষ্টি, পনির, ঘি, মাখন, চকোলেট, দধি ইত্যাদি);
০৮। আলু থেকে প্রক্রিয়াজাত খাদ্য (চিপস্, পটেটো ফ্লেক্স, স্টারস্ প্রভৃতি) ইত্যাদি উৎপাদনকারী শিল্প;
০৯। বিভিন্ন গুড়া মসলা উৎপাদনকারী শিল্প;
১০। ভোজ্য তেল পরিশোধন ও হাইড্রোজিনেশন শিল্প;
১১। লবন পক্রিয়াজাতকরণ শিল্প;
১২। চিংড়ি ও অন্যান্য মাছ প্রক্রিয়াজাতকরণ ও হিমায়িতকরণ;
১৩। হারবাল ও ভেষজ কসমেটিক্স প্রস্তুতকারী শিল্প;
১৪। ইউনানী, আয়ুর্বেদিক ঔষধ প্রস্তুতকারী শিল্প;
১৫। হাঁস, মুরগী ও গবাদি পশু ও মাছ এর জন্য সুষম খাদ্য প্রস্তুতকারী শিল্প;
১৬। বীজ প্রক্রিয়াজাতকরণ ও সংরক্ষণ;
১৭। পাটজাত দ্রব্য প্রস্তুতকরণ (যেমন দড়ি, সুতা, চট, থলে, কার্পেট, পাটের সেন্ডেল প্রভৃতি);
১৮। রেশন বস্ত্র উৎপাদনকারী;
১৯। কৃষিজাতপণ্য উৎপাদনে সহায়ক যন্ত্রশিল্প স্থাপন, মেরামত প্রভৃতি;
২০। চাল, মুড়ি, চিড়া, খৈ ইত্যাদি প্রস্তুতকরণ;
২১। সুগন্ধি চাল;
২২। চা প্রক্রিয়াকরণ শিল্প;
২৩। নারিকেল তেল প্রস্তুতকারী শিল্প (যদি দেশীয় নারিকেল হতে সংগৃহীত Copra ব্যবহার করা হয়);
২৪। রাবার টেপ, লাক্ষ্যা প্রক্রিয়াজাতকরণ;
২৫। কোল্ড স্টোরেজ (কৃষকদের উৎপাদিত খাবার আলু ও বীজ আলু, ফলমুল, শাক-সবজী প্রক্রিয়াজাতকরণ ও সংরক্ষণ);
২৬। কাঠ, বাঁশ ও বেতের আসবাব তৈরী/উৎপাদন (কুঁটির শিল্প ছাড়া);
২৭। ফুল সংরক্ষণ ও রপ্তানীকারক প্রতিষ্ঠান;
২৮। মাংস প্রক্রিয়াজাতকারী প্রতিষ্ঠান;
২৯। জৈব সার, মিশ্র সার, গুটি ইউরিয়া ইত্যাদি তৈরী;
৩০। বায়োপেস্টিসাইড, নীম উৎপাদিত পেস্টিসাইড ইত্যাদি তৈরী;
৩১। মৌমাছির চাষ/মধু তৈরীর প্রকল্প;
৩২। রাবারজাত দ্রব্যাদি তৈরীর প্রকল্প;
৩৩। পার্টিকেল বোর্ড;
৩৪। সরিষার তেল প্রস্তুতকারী শিল্প (যদি দেশীয় সরিষা ব্যবহার করা হয়);
৩৫। ধানের তুষ, পোল্ট্রি ও গরুর গোবর থেকে বায়োগ্যাস ও বিদ্যুৎ উৎপাদন প্রকল্প;
৩৬। চালের কুঁড়া থেকে ভোজ্য তেল উৎপাদন শিল্প;
৩৭। পোল্ট্রি ও ডেইরী শিল্প।